

নং- ১৪.৩৩.০০০০.০২৪.১১.০০১.১৮


তারিখ: ১৭-০১-২০১৮ খ্রিঃ।

আইনজীবী প্যানেলভুক্তির বিজ্ঞপ্তি

বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল)-এর বিভিন্ন ক্যাটাগরীর মামলা পরিচালনার জন্য হাইকোর্টসহ প্রশাসনিক ট্রাইব্যুনাল, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল এবং বিভিন্ন আদালতে বিচারাধীন, দেওয়ানী, ফৌজদারী, রীট, আরবিট্রেশন, আপীল, রিভিউ পিটিশন এবং মানিসুট-সহ মামলাসমূহ যথাযথভাবে বিটিসিএলের পক্ষে পরিচালনা ও তদারকির জন্য সুপ্রীমকোর্টের আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগ, ঢাকা জেলা জজ কোর্ট ও প্রশাসনিক ট্রাইব্যুনাল এবং অন্যান্য জেলায় জজ ও প্রশাসনিক ট্রাইব্যুনালে আইনজীবী নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আইন পেশায় নিয়োজিত অ্যাডভোকেটগণের নিকট হতে আগামী ১৫ ফেব্রুয়ারী ২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:-

- (ক) আইন পেশায় নিয়োজিত আগ্রহী প্রার্থীদের (১) নাম, (২) পিতা/মাতার নাম, (৩) স্থায়ী ঠিকানা, (৪) বর্তমান ঠিকানা, (৫) জাতীয় পরিচয় পত্র এবং শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখপূর্বক সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ আগামী ১৫ ফেব্রুয়ারী ২০১৮ তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে পরিচালক (সংগঠন ও পদ্ধতি) এবং সদস্য-সচিব, প্যানেল অ্যাডভোকেট নির্বাচন কমিটি, কেন্দ্রীয় কার্যালয়, ৩৭/ই, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০ বরাবরে আবেদনপত্র ডাকযোগে অথবা সরাসরি প্রেরণ করতে হবে।
- (খ) আবেদনের সাথে বার কাউন্সিলের সনদপত্রসহ সকল পরীক্ষায় পাশের সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- (গ) জজ কোর্টের আইনজীবীদের ক্ষেত্রে প্রার্থীদের কমপক্ষে ৮ (আট) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। হাইকোর্ট ও আপীল বিভাগের আইনজীবীদের ক্ষেত্রে আইন পেশায় ন্যূনতম ১০ (দশ) বছর বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে। এক্ষেত্রে আপীল বিভাগে মামলা পরিচালনাকারীগণ আপীল বিভাগের জন্য নির্বাচিত হবেন।
- (ঘ) অবসরপ্রাপ্ত কর্মক্ষম জেলা জজ/বিচারকগণও আবেদন করতে পারবেন।
- (ঙ) বিটিসিএল-এর মামলা পরিচালনার সময় বিটিসিএলের স্বার্থ বিরোধী অপর কোন মামলা পরিচালনায় অংশগ্রহণ করতে পারবেন না।
- (চ) মনোনীত প্যানেল আইনজীবীগণকে ৩ (তিন) বছরের জন্য অস্থায়ীভাবে নিয়োগ দেয়া হবে। তবে কার্যক্রম সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় তালিকাভুক্তির আদেশ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- (ছ) সাধারণভাবে সংশ্লিষ্ট জেলার জন্য নিয়োজিত প্যানেল অ্যাডভোকেটগণ নিযুক্ত হবেন। তবে এই নিযুক্তি পরিবর্তনের অধিকার কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- (জ) বিটিসিএল-এর মামলা পরিচালনার জন্য বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল) কর্তৃক অনুমোদিত রেট অনুসারে ফি প্রযোজ্য হবে।

বিঃদ্রঃ আইনজীবী প্যানেলভুক্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যাবলী বিটিসিএল-এর ওয়েব সাইটে ([www.btcl.com.bd](http://www.btcl.com.bd)) পাওয়া যাবে।



(মোঃ আবদুর রউফ)  
পরিচালক (সংগঠন ও পদ্ধতি)

ও

সদস্য-সচিব, প্যানেল অ্যাডভোকেট নির্বাচন কমিটি  
কেন্দ্রীয় কার্যালয়, বিটিসিএল  
৩৭/ই, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।

☎ : ০২-৯৩২০১৫৯।